কোটচাঁদপুরে গৃহবধূর বিরুদ্ধে মিথ্যা অভিযোগের প্রতিবাদে সংঘর্ষ

ঝিনাইদহের কোটচাঁদপুর পল্লিতে এক গৃহবধূর বিরুদ্ধে মিথ্যা কুৎসা রটানোর প্রতিবাদে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এঘটনায় ৩ জন আহত হয়েছে। গত বুধবার উপজেলার হরিনদিয়া গ্রামে এঘটনা ঘটে। সংঘর্ষের ঘটনায় বৃহস্পতিবার কোটচাঁদপুর মডেল থানায় পাল্টাপাল্টি মামলা করেছে উভয়পক্ষ।

পরে পুলিশ দুই জনকে আটক করে জেল হাজতে পাঠিয়েছে। পুলিশ জানায়, গত বুধবার উপজেলার হরিনদিয়া গ্রামের প্রবাসী মকুর আলীর স্ত্রীর সঙ্গে একই এলাকার আব্দুস সালামের ছেলে সলেমানের অবৈধ সর্ম্পক আছে বলে অভিযোগ তুলে একই গ্রামের বদর উদ্দিনের ছেলে দুখু মোল্লা (৩৬)। বিষয়টি জানতে পেরে সলেমান স্থানীয় বাজারে দুখুর নিকট ঘটনার বিষয়ে জানতে চায়। এসময় দুখুর সঙ্গে সলেমানের বাক-বিতন্ডা হয়। এতে সলেমান দুখুকে চড়-থাপ্পড় মারে। খবর পেয়ে দুখুর পরিবারের লোকজন সলেমানের বাড়িতে যায়। এসময় আবারো তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে উভয় পক্ষ দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে প্রতিবেশী সহ তিন জন আহত হয়।

এঘটনায় গুরতর আহত সলেমানকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে আসলে উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়। ঘটনার দিন সন্ধায় সলেমানের পিতা আব্দুস সালাম বাদী হয়ে কোটচাঁদপুর মডেল থানায় ৩ জনের নাম উল্ল্যেখ পূর্বক একটি মামলা দায়ের করেন। পরে পুলিশ অভিযান চালিয়ে হরিনদিয়া গ্রামের করম আলী সরদারের ছেলে আমিরুল ইসলাম ও একই এলাকার বদর উদ্দিনের ছেলে দুখু মোল্লা (৩৬ কে আটক করে। অপর আসামী তোফাজ্জেল হোসেনের ছেলে রাইদুল ইসলাম পলাতক রয়েছে।

কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) ইমরান আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মারামারির ঘটনায় উভয় পক্ষ থেকে আলাদা মামলা হয়েছে। ইতোমধ্যে দুইজন কে আটক করা হয়েছে। এঘটনায় সঠিক তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

কালীগঞ্জে মাদক সহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ফেনসিডিল ও গাজা সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৬২০ গ্রাম গাজা ও ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কালীগঞ্জ পৌরসভার ইশ্বরবা গ্রাম থেকে গোপন সংবাদের ভিত্তিতে এস আই জাকারিয়া হোসেন, এস আই আলআমিন সহ সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ীদের আটক করেন।

আটককৃতরা হলেন- চৌগাছা উপজেলার কয়েরপাড়া গ্রামের মৃত শহিদুল ইসলামের ছেলে আসাদুল ইসলাম (২৮) ও মহেশপুর উপজেলার পুড়োপাড়া গ্রামের আমিনুর রহমানের ছেলে আলমগীর হোসেন (৩৩)।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, ফেন্সিডিল ও গাজা সহ দুই জনকে আটক করা হয়েছে, তাদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক আইনে মামলা হয়েছে।

আলমডাঙ্গায় গরু বোঝাই আলমসাধু গাড়িতে ট্রাকের ধাক্কা, আহত -৪

আলমডাঙ্গায় গরু বোঝাই আলমসাধু গাড়িতে ট্রাকের ধাক্কায় ৪জন গরু ব্যাপারি গুরুত্বর আহত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে উপজেলার জগন্নাথপুর স্কুল সংলগ্নে এ দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনার কবলিত আলমসাধু থেকে গুরুত্বর আহত অবস্থায় উদ্ধার করে তাদের স্থানীয় হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের ৪ জন গরু ব্যাপারি

১৪টি গরু নিয়ে আলমসাধু যোগে কুষ্টিয়ার আইলচাঁরা হাটে যাচ্ছিলো। এ সময় গরু ভর্তি আলমসাধু জগন্নাথপুর স্কুল সংলগ্নে পৌঁছালে বিপরীত থেকে বালি বোঝাই (ঝিনাইদহ- ১১-০৯৯৯) গাড়ির সাথে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে গরুর গাড়িতে থাকা ৪ জন গরু ব্যাপারি গুরুত্বর আহত হয়। ক্ষতিগ্রস্ত হয় গাড়িতে থাকা ১৪ টি গরুর। আহতরা হলো- কামালপুর গ্রামের নয়া মিয়ার ছেলে হেলাল, আব্দুল মান্নানের ছেলে হালিম, ফজলুর রহমানের ছেলে বিল্লাল, বকসিপুর গ্রামের সাইদুল। দুর্ঘটনায় স্থানীয়রা ছুটে আসলে ট্রাকের ড্রাইভার ও হেলপার পালিয়ে যায়।

খবর পেয়ে আলমডাঙ্গার পাইকপাড়া ফাঁড়ি পুলিশের আইসি এসআই সুজন কুমার সঙ্গীয় ফোর্স ট্রাকটি উদ্ধার করে থানা হেফাজতে নেয়।

মেহেরপুরে ৭ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৪ জন,গাংনী ২ জন, মুজিবনগরে ১ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৬৮ টি। তারমধ্যে ৭ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১২১ জন। তার মধ্যে সদরে ৫২ জন, গাংনীতে ৫২ জন এবং মুজিবনগরে ১৭ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

বাড়ি ফেরা হলো না ইয়ামিনের দর্শনায় ট্রেনে কাটা পড়ে এক মাদ্রাসা ছাত্রের করুণ মৃত্যু

দর্শনায় ট্রেনে কাটা পড়ে ইয়ামিন (১২) নামের এক মাদ্রাসা ছাত্রের করুন মৃত্য হয়েছে।জানা গেছে আজ ২ সেপ্টেম্বর বৃহস্পতিবার দুপুর দেড় টার দিকে খুলনা থেকে ছেড়ে আসা রকেট মেইল এক্◌্রপ্রেস লোকাল সৈয়দপুর যাওয়ার পথে দর্শনা হঠাৎপাড়া রেলক্রসিং নিকট ট্রেনটি পৌছালে হাফেজ পড়িয়া মাদ্রাসা ছাত্র ইয়ামিন বাই সাইকেল নিয়ে রেলক্রসিং পার হতে গিয়ে আচমকা ট্রেনটি চলে আসলে ইয়ামিনের দুই পা শরীর থেকে বিছন্ন হয়ে যায় ঘটনাস্হলে তার মর্মান্তিক মৃত্য হয়। ইয়ামিন বড় দুধপাতিলা গ্রামের আশরাফের ছেলে। বর্তমানে লাশটি দর্শনা জি আর পি পুলিশের হেবাজতে আছে।এ ঘটনায় এলাকাজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

কুষ্টিয়ায় সেপটিক ট্যাংকে নেমে দুজনের মৃত্যু

কুষ্টিয়া সদর উপজেলায় টয়লেটের সেপটিক ট্যাংকে কাজ করতে নেমে আব্দুল হান্নান (৩২) ও শাকিল আলী (২১) নামের দুই নির্মাণশ্রমিকের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার (০২ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার হরিনারায়ণপুর বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

বিষয়টি নিশ্চিত করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তাফিজুর রহমান রতন। মৃত শাকিল আলী হরিনারায়ণপুর ইউনিয়নের পূর্ব আব্দালপুর গ্রামের পবন আলীর ছেলে। তিনি হেলপার হিসেবে কাজ করতেন।

আর মৃত আব্দুল হান্নান একই এলাকার আমির মন্ডলের ছেলে। তিনি রাজমিস্ত্রি হিসাবে কাজ করতেন। হান্নান ও শাকিল প্রতিবেশী। এ দুর্ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

জানা যায়, বৃহস্পতিবার সকালে হরিনারায়ণপুর বাজারের পাশে মো. বক্করের বাড়িতে নতুন সেপটিক ট্যাংকে কাজ করতে নামেন রাজমিস্ত্রি হান্নান। কিছুক্ষণ পর তার সাড়াশব্দ না পেয়ে হেলপার শাকিলও ট্যাংকের ভেতরে নামেন।

এ সময় ট্যাংকের ভেতর দুজন অচেতন হয়ে পড়েন। স্থানীয়রা তাদের উদ্ধার করে হলমোড় এলাকায় সেবা ক্লিনিকে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। সেখান থেকে মরদেহ স্বজনরা নিজ নিজ বাড়িতে নিয়ে যায়।

ইবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তাফিজুর রহমান রতন বলেন, হান্নান ও শাকিল বক্কর কসাইয়ের বাড়িতে সেপটিক ট্যাংকে কাজ করতে নেমে মারা গেছেন। এখনো পর্যন্ত কোনো অভিযোগ পাইনি।

দুই কোটি ৩৫ লাখ টাকার ১১ টি সোনার বার উদ্ধার

বিজিবি’র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) দর্শনার ঠাকুরপুরে অভিযান চালিয়ে ২ কোটি ৩৫ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত ঊননব্বই টাকা মূল্যের ০৩ কেজি ৭৪০ গ্রাম (৩২০.৬৪ ভরি) ওজনের ১১টি স্বর্ণের বার উদ্ধার করেছে।
গতকাল বুধবার সকাল সোয়া ৭টার দিকে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর নিস্তার আহমেদ এর তত্ত্বাবধানে অদ্য ঠাকুরপুর বিওপির টহল কমান্ডার জেসিও-৮১৬০ নায়েব সুবেদার মোঃ কাজী আজাদ এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে একটি টহলদল চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত ঠাকুরপুর সীমান্তের মেইন পিলার ৮৯ হতে আনুমানিক ০২ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে ঠাকুরপুর কবরস্থানের আম বাগানের মধ্যে স্বর্ণ চোরাচালান হচ্ছে মর্মে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে

টহলদল সেখানে ওৎ পেতে থাকে। সময় আনুমানিক ০৭ টা ১৫ মিনিটের সময় ০১জন লোক বাইসাইকেল চালিয়ে বাংলাদেশ হতে ভারতের দিকে যাওয়ার সময় টহলদল উক্ত ব্যক্তিটিকে ধাওয়া করলে লোকটি তার সাইকেল ও কোমরে বাঁধা কাপড় ফেলে পালিয়ে যায়। টহলদল কাপড়ের ব্যাগটি জব্দ করে উপস্থিত লোকদের সামনে ব্যাগটি খুলে ০৩ কেজি ৭৪০ গ্রাম (৩২০.৬৪ ভরি) ওজনের উন্নত মানের ১১ টি বিভিন্ন সাইজের স্বর্ণের বার এবং ০১টি বাই সাইকেল আটক করতে সক্ষম হয়, যার আনুমানিক মূল্য ২,৩৫,৬৬,৫৮৯/- (দুই কোটি পয়ত্রিশ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত ঊননব্বই) টাকা।

উদ্ধারকৃত স্বর্ণ দর্শনা থানায় হস্তান্তর করে ঠাকুরপুরের মৃত লুৎফর রহমানের ছেলে মোঃ মোস্তাফিজুর রহমান (ফিজুর) (২৮) পলাতক আসামি দেখিয়ে মামলা দায়ের করেন। মামলার বাদি হয়েছেন নাঃ সুবেঃ আবুল কালাম আজাদ । (প্রেস বিজ্ঞপ্ত)

মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহের ৫ম দিনে চাষীদের পরামর্শ প্রদান

“বেশি বেশি মাছ চাষ করি বেকারত্ব দূর করি”এই প্রতিপাদ্যকে সামনে রেখে, মুজিবনগরে পালন করা হচ্ছে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ পালনের ৫ম দিনে উপজেলা গুরুত্বপূর্ন জায়গায় মৎস্য চাষীদোর পরামর্শ প্রদান ও মাটি-পানি মৎস্য চাষের উপযুক্ত কিনা এবং মাটি-পানিতে পর্যাপ্ত প্রকৃতিক খাবার আছে কিনা বিষয় গুলো পরিক্ষা করেছে উপজেলা মৎস্য অফস।

বুধবার বিকালে মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের মৎস্য চাষী শ্রী সার্থক হালদারের পুকুর পাড় থেকে পুকুরের পানির বিভিন্ন গুনগুন পরীক্ষা শুরু করে কোমরপুর বাজারে অন্যান্য পুকুর মালিকের সহ মোট ১৫ জন মৎস্যচাষীর পুকুরের পানির বিভিন্ন গুনগুন পরীক্ষা করা হয়।

পরবর্তী কর্মসূচির আলোকে কোমরপুর বাজারে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি বিষয়ক প্রামাণ্যচিত্র জনসম্মুখে প্রদর্শন করা হয়।

ঝিনাইদহে বিএনপির দু’গ্রুপের পাল্টাপাল্টি প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বিএনপি’র বিবদমান দু’গ্রুপের আয়োজনে পাল্টাপাল্টি ৪৩তম প্রতিষ্ঠা বাষির্কী পালিত হয়েছে। এ উপলক্ষ্যে বুধবার সকালে সাবেক এমপি মশিউর রহমান সমর্থিত গ্রুপের উদ্যোগে আলোচনা ও দোয়ার মাহফিলের আয়োজন করা হয়। শহরের অগ্নিবীনা সড়কের বিএনপির কার্যালয়ের এই আলোচনা সভা বিএনপি নেতা শাহজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা ও সাবেক এমপি মোঃ মসিউর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আলিম, ড্যাব কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ডা: ইব্রাহিম রহমান বাবু, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রণক, জেলা ছাত্রদলের সভাপতি সৌমেনুজ্জামান সৌমেন ও কৃষকদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক সামসুর রহমানসহ অন্যান্যরা।

সভায় প্রধান অতিথি মসিউর রহমান বলেন, বর্তমান সরকার জোর করে ক্ষমতায় এসে দেশের গণতন্ত্রকে হত্যা করে স্বৈরতন্ত্র কায়েম করেছে। তিনি আরও বলেন, বর্তমান সরকার রাজনৈতিক ভাবে পরাজিত হয়ে জিয়াউর রহমান সম্পর্কে বিভ্রান্তি ছড়াচ্ছে, মুক্তিযুদ্ধে তাদের দলের কেন্দ্রীয় নেতাদের কোন ভুমিকা ছিল না। ভারতে পালিয়ে তারা ইন্ডিয়া সরকারের রিলিফ খেয়েছে আর ফুর্তি করে বেড়িয়েছে। সে দিন জিয়াউর রহমানের স্বাধীনতা ঘোষনার তুর্য্যুধ্বনী দেশবাসিকে যুদ্ধে ঝাপিয়ে পড়ার সাহস যুগিয়েছিল। মসিউর রহমান তার সময়কার ঝিনাইদহের উন্নয়নের চিত্র তুলে ধরেন।

অপরদিকে এমএ মজিদ সমর্থিত গ্রুপটি শহরের এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে জেলা বিএনপি। জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান।

বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আক্তারুজ্জামান, জাহিদুজ্জামান মনা, আব্দুল মজিদ বিশ্বাস, সদর থানা বিএনপির আহ্বায়ক এ্যাড. কামাল আজাদ পান্নু, সদস্য সচিব আলমগীর হোসেন প্রমুখ। আলোচনা সভা ও দোয়া মাহফিল শেষে করোনা আক্রান্ত রোগীদের জন্য অক্সিজেন সিলিন্ডার ও ঔষধ বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে UID নম্বর প্রদান সংক্রান্ত শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে CRVS ব্যবস্থাপনার আলোকে শিক্ষার্থীদের প্রোফাইল ডাটাবেইজ তৈরি ও UID নম্বর প্রদান সংক্রান্ত শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে।

বুধবার উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয় ও সালেহা বেগম মহিলা কলেজে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা। এসময় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক উপস্থিত। প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসার শিক্ষকবৃন্দ অংশ নেন।

দুইদিনব্যাপী এই প্রশিক্ষণে চার ব্যাচে উপজেলার বিভিন্ন শিক্ষা